গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.০০০.১৭৫.১১.০০০২.২৬.৯৯

২৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ: ----------
১১ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

"উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫" এর ৫(১) বিধি অনুযায়ী উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের জ্যেষ্ঠতা নিয়মিতকরণের তারিখ হতে গণনাযোগ্য। নিয়মিতকরণের সাথে জ্যেষ্ঠতার প্রশ্ন জড়িত থাকায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১/১০/২০১০ তারিখের ০৫.১৭০.০২২.১৪.০০.১১১.২০১০-৩৭৩ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগের প্রকল্প বাস্তবায়ন-১ শাখার ২৪/১১/২০২২ তারিখের ৪৫.০০.০০০০.১৭৫.১৪.০০৫.২০১৯/৩২৫ সংখ্যক প্রজ্ঞাপন সংশোধনপূর্বক "১০০ শয্যা বিশিষ্ট যশোর জেনারেল হাসপাতালকে ২৫০ শয্যায় উন্নীতকরণ" শীর্ষক সমাপ্ত প্রকল্পের নিম্নোক্ত ১৫ জন কর্মকর্তাকে চাকরিতে যোগদানের তারিখের পরিবর্তে নিয়মিতকরণের আদেশ জারির তারিখ অর্থাৎ ২৪/১১/২০২২ তারিখ হতে চাকরিতে নিয়মিত করা হলো :

ক্রম	কর্মকর্তার নাম ও কোড	পদবি
১	ডা. হিমাদ্রি শেখর সরকার (১০২৮৯৩১)	সিনিয়র কনসালটেন্ট (চক্ষু)
২	ডা. হাসান আব্দুল্লাহ (১৩৭২০০)	জুনিয়র কনসালটেন্ট (প্যাথলজি)
৩	ডা. মধুসূদন পাল (১০১৯১৯৭)	জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন)
৪	ডা. নিলুফার ইসলাম (১০৩৭৯৫১)	আবাসিক সার্জন
৫	ডা. মো: মাহফুজুর রহমান (১০২৯৪৮৭)	সহকারী রেজিষ্টার
৬	ডা. উবায়দুল কাদির উজ্জল (১০০১৬৮৮)	সহকারী রেজিষ্টার
৭	ডা. মো: ওহিদুজ্জামান (১১৫১২১)	সহকারী রেজিষ্টার
৮	ডা. মো: মনিরুজ্জামান (১০০৯৮৫৪)	সহকারী রেজিষ্টার
৯	ডা. এম. এ. গোলাম কিবরিয়া (১০৪০৯১৮)	সহকারী রেজিষ্টার
১০	ডা. আবু হায়দার মোহাম্মদ মনিরুজ্জামান (১০২৭৭০১)	সহকারী রেজিষ্টার
১১	ডা. মো: রাশেদ রেজা (১০৩২৫৩৫)	ইমার্জেন্সী মেডিকেল অফিসার
১২	ডা. কল্লোল কুমার সাহা (২৪১০৩)	মেডিকেল অফিসার
১৩	ডা. মো: আব্দুল কাদের (১০২৭৬৯৪)	মেডিকেল অফিসার
১৪	ডা. মো: জমিজউদ্দিন সেখ (১০৩৯১৪৩)	মেডিকেল অফিসার
১৫	ডা. আ. ন. ম বজলুর রশীদ (১০৩২৫৩২)	মেডিকেল অফিসার

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১১/১০/২৬

(মো: সাইদুজ্জামান)
যুগ্মসচিব
ফোন: ০২-৫৫১০১২৫৭
Pi1@hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.০০০.১৭৫.১১.০০০২.২৬.৯৯/১(৭)

২৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ: ----------
১১ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, যশোর।
৪। ডা. .....।
৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
৬। অতিরিক্ত সচিব (আ. ব্য. ও অ.) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। যুগ্মসচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১১/১০/২৬
(মো: সাইদুজ্জামান)
যুগ্মসচিব

চলমান পাতা-২/২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-১ শাখা।
(www.mopastab.gov.bd)

পরিপত্র

নং-০৫.১৭০.০২২.১৪.০০.১১১.২০১০-৩৭৩

তারিখ ঃ ২৬ আশ্বিন, ১৪১৭ বঃ / ১১ অক্টোবর, ২০১০ খ্রিঃ

বিষয় ঃ উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫ এর অধীনে নিয়মিত কর্মচারীদের নিয়মিতকরণের তারিখ স্পষ্টীকরণ।

সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫ এর ৪নং বিধির অধীনে নিয়মিত কর্মচারীদের নিয়মিতকরণের তারিখ নির্ধারণ সংক্রান্ত ভুল বুঝাবুঝির অবসানকল্পে নিম্নরূপ ব্যাখ্যাসহ স্পষ্টীকরণ করা হইল ঃ

উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫ এর বিধি ৪ এর উপ-বিধি(২) এর অধীনে রাজস্ব বাজেটের কোন পদে সাময়িকভাবে পদস্থ কোন কর্মকর্তা বা কর্মচারী অবসর-উত্তর ছুটি ভোগরত থাকিলে অথবা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে অথবা মৃত্যুবরণ করিলে তাহাকে ভূতাপেক্ষভাবে ক্ষেত্রমত, অবসর-উত্তর ছুটি বা বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকারিতা প্রদান করিয়া নিয়মিত করা যায়। কোন কর্মরত কর্মকর্তা বা কর্মচারীকে ভূতাপেক্ষ তারিখ হইতে নিয়মিত করণের কোন বিধান এই বিধিমালায় নাই। যাহার কারণে বিধি ৪ এর উপ-বিধি(১) এর অধীনে কোন কর্মরত কর্মকর্তা বা কর্মচারীকে ভূতাপেক্ষ তারিখ হইতে নিয়মিতকরণের কোন বিধান এই বিধিমালার বিধানের সহিত সংগতিপূর্ণ নয়। ইহা ছাড়া, নিয়মিতকরণের সহিত জ্যেষ্ঠতার প্রশ্ন জড়িত থাকায় ভূতাপেক্ষ তারিখ হইতে নিয়মিত করা হইলে ভূতাপেক্ষ তারিখ হইতে জ্যেষ্ঠতা গণনার সুযোগ পাইবে। কিন্তু বিধিমালার বিধি ৪ ও ৫ বিশ্লেষণে সুস্পষ্টভাবে প্রতীয়মান যে, এই বিধিমালায় ভূতাপেক্ষ তারিখ হইতে জ্যেষ্ঠতা গণনার কোন সুযোগ নাই। যাহার কারণে উক্ত বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি(২) এর ক্ষেত্র ব্যতীত অন্যান্য ক্ষেত্রে নিয়মিতকরণের আদেশ জারির তারিখ নিয়মিতকরণের তারিখ বলিয়া গণ্য হইবে।

২। এমতাবস্থায়, উপরিউক্ত ব্যাখ্যা সকলকে অনুসরণ করিবার এবং উক্ত ব্যাখ্যার সহিত সংগতিপূর্ণ নয় এমন সকল নিয়মিতকরণ আদেশ সংশোধন করিবার জন্য অনুরোধ করা হইল।

(ইকবাল মাহমুদ)
সচিব

বিতরণ ঃ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, ... সকল মন্ত্রণালয়/বিভাগ।
(তাঁহার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
৬। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও(পরবর্তী গেজেটে প্রকাশের জন্য), ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সিএসসি, সংস্থাপন মন্ত্রনালয়(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।